দৈনিক ইনকিলাব

তারিখ ... 24 APR 2003 ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৩ ...

# বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে ইসলামী শিক্ষায় রূপদানের আন্দোলনকে বেগবান করুন

## –বিচারপতি রউফ

**প্রেস বিজ্ঞপ্তি :** গতকাল (বুধবার) বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ ঢাকা মহানগরী, কর্মী সম্মেলন জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক নির্বাচন কমিশনার বিচারপতি আহাম্মদ আবদুর রউফ। বিশেষ অতিথি হিসেবে ছিলেন আল্লামা কবি রুহুল আমীন খান, ডঃ আ ফ ম আনওয়ারুল হক, আলহাজ আঃ সাত্তার আলী; ডঃ এ বি এম ছিদ্দিকুর রহমান নিজামী, অধ্যক্ষ আহসান উল্লাহ। আলোচনায় অংশ নেন মাওলানা রুহুল আমিন আফসারী, আবু বক্কর ছিদ্দিক, আবু জাফর সালেহী, আখতার ফারুক, বায়েজীদ হোসাইন সালেহ প্রমুখ। সভাপতিত্ব করেন ঢাকা নগরী ছাত্র হিযবুল্লাহ সভাপতি মুহাম্মদ শহীদুল্লাহ। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন হাফেজ ক্বারী মোহাম্মদ সাঈদুল ইসলাম আসাদ।

প্রধান অতিথির বক্তব্যে বিচারপতি মোহাম্মদ আবদুর রউফ বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে ইসলামী শিক্ষায় রূপদানের আন্দোলনকে বেগবান করার জন্য ছাত্র হিযবুল্লাহর কর্মীদেরকে আহবান জানান। তিনি অতিসত্বর ইরাক থেকে মার্কিন সৈন্য প্রত্যাহারের জোর দাবী জানান।